

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭ ১৬

উদয়পুর, ২৯ জানুয়ারি, ২০২৪

রাজ্যভিত্তিক সেঙ্গরেক উৎসবের উদ্বোধন

রাজ্য সরকার সকল সম্প্রদায়ের কৃষ্টি সংস্কৃতির
প্রসার ও রক্ষায় কাজ করছে : জনজাতি কল্যাণমন্ত্রী

মেলা মানে মিলনক্ষেত্র। মেলার মধ্য দিয়ে জাতি, জনজাতি সকল অংশের মানুষের মিলন ঘটে। গতকাল কিল্লা ইকের মনিটাং পাড়ায় রাজ্যভিত্তিক সেঙ্গরেক উৎসবের উদ্বোধন করে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার সকল সম্প্রদায়ের কৃষ্টি সংস্কৃতির প্রসার ও রক্ষায় কাজ করছে। রাজ্যের ১৯টি জনজাতি সম্প্রদায়ের মধ্যে সেঙ্গরেক মলসম সম্প্রদায়ের অন্যতম ঐতিহ্যবাহী উৎসব। এই উৎসবকে কেন্দ্র করেই মলসম সম্প্রদায়ের লোকজন তাদের কুল দেবতার পূজা করেন, নিজের এবং পরিবারের সুখ সমৃদ্ধি কামনা করেন। তিনি যুব সম্প্রদায়কে নেশার কবল থেকে মুক্ত রাখতে এগিয়ে আসার জন্য সবার প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক রামপদ জমাতিয়া, হৃদাতক্রা বিপ্র কুমার জমাতিয়া, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহাধিকর্তা মনোজ দেববর্মা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মলসম দফার সাধারণ সম্পাদক কৃষ্ণ চন্দ্র মলসম। সভাপতিত্ব করেন কিল্লা বিএস'র চেয়ারম্যান বাগানহরি মলসম।
